


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২-এন-৩৮/২০০৪ (অংশ)- ২১ন

তারিখঃ ২৫/১১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভার ১২ ও ১৩নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আশরাফুল আলম শাহ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভার ১২ ও ১৩ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আশরাফুল আলম শাহ এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায়; তিনি সৈয়দপুর পৌরসভার ০১ নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা এবং তার জাতীয় পরিচয় পত্রে জন্ম তারিখ ১১/১১/১৯৭৪ খ্রিঃ ও দাখিল পাশের সনদে জন্ম তারিখ ০১/০১/১৯৮০ খ্রিঃ উল্লেখ থাকার বিষয়টি জেলা রেজিস্ট্রার, নীলফামারী কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ১১ বিধি অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন-৯৫৫৮২৮৭

প্রাপক :

জনাব মোঃ আশরাফুল আলম শাহ
সাবেক নিকাহ রেজিস্ট্রার
১২ ও ১৩ নং ওয়ার্ড
সৈয়দপুর পৌরসভা
উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা-রেজিস্ট্রার, নীলফামারী (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রীকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বালাম বহি জন্ম করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রী সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, সৈয়দপুর, নীলফামারী (বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।